

কমপিউটিং

প্রতিষ্ঠাতা: অধ্যাপক আবদুল কাদের

THE MONTHLY
COMPUTER JAGAT
Leading the IT movement in Bangladesh

FEBRUARY 2005 14TH YEAR VOL. 10

- নেটওয়ার্ক কার্ড ছাড়াই পিসি নেটওয়ার্কিং
- নেটওয়ার্ক ট্রাবলশ্যটিং টুলস
- নতুন প্রজন্মের গ্রাফিক্স প্রসেসর
- IK Solver-দিয়ে ক্যারেক্টার তৈরি
- ফ্লাশে মাল্টিপল টাইমলাইনের ব্যবহার



তথ্য প্রযুক্তির মহাসড়কে বাংলা কমপিউটিং

ডিজিটাল বাংলা ২০০৫ ও
ফেব্রুয়ারির মাতম

মাসিক কমপিউটিংর জগৎ-এর
প্রতিষ্ঠাতা অধ্যাপক আবদুল কাদের

ক্রম/বিভাগ	১৫ বছর	২৫ বছর
ফ্রান্সিস	১০০	১০০
সার্ভিসের অন্যান্য খরচ	১০০	১০০
বিশেষ অন্যান্য খরচ	১০০	১০০
ইউজার ম্যানুয়াল	১০০	১০০
অন্যান্য (কোর্স)	১০০	১০০
অন্যান্য	১০০	১০০

প্রবেশের নাম, প্রিন্সিপাল ট্রান্স মাসিক বা মাসিক অর্ডার
বিস্তারিত "কমপিউটিং জগৎ" লিখে জর বা ১১
১১১১১১১১, ০১৭১-০০০০১১
কমপিউটিং, ১১১১-১১১১, ১১১১-১১১১
এক প্রবেশের নাম

ফোন : ১১১১১১১, ১১১১১১১, ১১১১১১১
১১১১১১১, ০১৭১-০০০০১১
ফ্যাক্স : ১১১-০১-১১১১১১১
E-mail : jagat@comjagat.com
Web : www.comjagat.com

ডিজিটাল ডিভাইডের বিরুদ্ধে যুদ্ধ:
কৃষকদের জন্য নেটওয়ার্ক

দেশে আইটি শিক্ষার
বর্তমান ও ভবিষ্যত

সূচী - পৃষ্ঠা ১০
বিজ্ঞাপন সূচী - পৃষ্ঠা ২১
ধবর - পৃষ্ঠা ৭০

সূচীপত্র

- ১৫ সম্পাদকীয়
- ২১ পাঠকের মতামত
- ২৩ তথ্য প্রযুক্তির মহানতরু ও বাংলা কম্পিউটিং মাতৃজাধাকে সর্বত্তরে প্রয়োণের কথা বলছি বটে, কিন্তু তথ্য প্রযুক্তিতেই এর কলটরু আবার প্রয়োণ করতে পেরেছি? দীর্ঘদিন ধরে বাংলা কম্পিউটিং তথ্য প্রকাশনা জগতেই অটিকে আছে। বাংলা টাইপ করার জন্য একটি প্রমিত কীবোর্ড লেআউট পোতে আমাদের অপেক্ষা করতে হয়েছে ১৯ বছর। প্রমিত বাংলা কীবোর্ড লেআউট ও বাংলা কম্পিউটিংয়ের বর্তমান অবস্থা নিয়ে এবারের প্রহ্লদ প্রতিবেদন লিখেছেন ইন্ডিয়াক আইইউব।
- ৩১ ডিজিটাল বাংলা ২০০৫ ও ফেব্রুয়ারির মতামত কম্পিউটিংয়ে সর্বত্তরে বাংলা ব্যবহার সম্পর্কে বিশেষ নিবন্ধটি লিখেছেন মোহাম্মদ জাম্মার।
- ৩৩ ডিজিটাল ডিভাইডের বিরুদ্ধে যুদ্ধ: কৃষকের জন্য নেটওয়ার্ক ডিজিটাল ডিভাইড দূর করার অন্যতম পূর্ব শর্ত কৃষকদের কাছে ইন্টারনেট পৌঁছে দেয়া। এ বিষয়ে তরুত্বদ্বারোগ করছেন আবার হাসান।
- ৩৫ গুপেন সোর্সের ভয়ে জীত মাইক্রোসফট, গুগল ও আরো দর কোম্পানি গুপেন সোর্স সফটওয়্যারের আগমনে সফটওয়্যার শিল্প যে বৈপ্লবিক পরিবর্তনে ঘটেছে চিন্তে সে সম্পর্কে আলোচনা করেছেন গোলাম মুনির।
- ৩৮ দেশে আইসিটি শিক্ষার বর্তমান ও ভবিষ্যত দেশে বিদ্যমান আইসিটি শিক্ষা সম্পর্কিত সার্বিক অবস্থার পর্যালোচনা এবং তরুণীয় সম্পর্কে লিখেছেন প্রকৌশলী সাদাসউদ্দীন আহমেদ।
- ৪০ পিএস নু হুয় কম্পিউটিং শিল্প বাস্তবায়ন করতে হবে স্মার্ট টেকনোলজিস-এর ব্যবস্থাপনা পফিচালসকে সাজাককারিতিক প্রতিবেদন।
- ৪২ নতুন প্রজন্মের গ্রাফিক্স প্রসেসর এনভিডিয়া গিগার্ড ৬৮০০ এবং এটিআই এন ৮০০-এর তুলনামূলক আলোচনা করছেন সৈয়দ জুব্বারের হোসেন।
- ৪৪ English Section

* Linux: Configure your Remote Access Server

- ৪৬ NEWS WATCH
 - * Seagate Shps 400 GB External HD
 - * HP iPAQ Pocket PC H2210
 - * New Intel Desktop Motherboard

৪৭ সফটওয়্যারের কারকাজ
উইজোজের কিছু টিপ, স্মার্ট ডিক ড্রাইভকে এরকম রী ব্যা এবং ইন্টারনেট এক্সপ্রোসারের কয়েকটি টিপ নিয়ে লিখেছেন রিয়াজ উদ্দিন, অসিক আহমেদ বান ও মো: আ: মোমিত।

৪৬ গুপের ভবন
বাংলা এন্ড্রব্রেস ও জিক-ইনফোর গুপেসাইট নিয়ে বিস্তারিত লিখেছেন নিফাত শাহরিয়ার।

৪৭ নেটওয়ার্ক ট্রাশলতাটিং টুলস
কোন নেটওয়ার্কে বিদ্যমান বিভিন্ন সমস্যা নির্ধারণ সম্পর্কিত প্রতিবেদনটি লিখেছেন কে.এম. আদী রেজা।

৪৯ চটিং গেম
চটিং গেম ডেভেলপার এই প্রজেক্টটি লিখেছেন সিন্ধুত শাহরিয়ার।

৪২ মিউজিক তৈরি করতে এসিড
সনি এসিড মিউজিক স্টুডিও-৫.০ ব্যবহার করে কীভাবে মিউজিক তৈরি করা যায় সে সম্পর্কে লিখেছেন আকমল হোসেন।

৪৪ ফ্রাশে মাস্টিপল টাইম লাইনের ব্যবহার
ফ্রাশে কীভাবে মাস্টিপল টাইমলাইন ব্যবহার করা যায় সে সম্পর্কে লিখেছেন মুর হাসান।

৪৬ যোগাধরকারী এনিমেশন স্ট্রীওয়ার: ব্রোভার রিমার্কিক এনিমেশন সফটওয়্যার নিয়ে এনিমেশন তৈরি সম্পর্কে যৌক্তভাবে লিখেছেন এস. এম. গোলাম রাকি ও কে. এম. আসাদুজ্জামান হুসেইন।

৪৬ Ik Solver-নিয়ে ক্যারেক্টর তৈরি
আইকে সলভার নিয়ে এনিমেশন ক্যারেক্টর কীভাবে তৈরি করা যায় সে সম্পর্কে বিস্তারিত লিখেছেন মো: মোস্তফা আজাদ।

৪০ ভালেটাইন ডে'র চমৎকার এনিমেটেড কার্ড
ভালেটাইন ডে' উপলক্ষে চমৎকার এনিমেটেড কার্ড তৈরি কৌশল সম্পর্কে লিখেছেন মিথিলা জামান।

৪১ ইন্টারনেটের বিকল্প প্রযুক্তি বিপিএল
দূর্গাণ মোকাবেলায় বিকল্প যোগাযোগ প্রযুক্তি বিপিএল এবং পিএলসি ব্যবহারে সম্পর্কিত নিবন্ধটি লিখেছেন গ্রাণ কানাই রায় চৌধুরী।

৪১ গেম-এর জগৎ
কলিন ম্যাকরে রয়ালি ২০০৫, হাফ লাইফ-২, গেমের কিছু সমস্যা ও সহযাণ, নতুন আসা গেম, এবং শীর্ষ গেম তালিকা নিয়ে লিখেছেন সিন্ধুত শাহরিয়ার।

৪৭ নেটওয়ার্ক কার্ড ড্রাইভে পিসি নেটওয়ার্কিং
উইজোজ ৯৫/৯৮/ মিসেলিগামে ডিসিসি ইনইস করে নেটওয়ার্কিংয়ের কৌশল সম্পর্কে লিখেছেন নূর আলফোজ খুরশীদ।

৪৭ কুকি ও ডিক স্পেশ মাস্মেজমেন্ট
কীভাবে কুকি ও ডিক স্পেশ মাস্মেজ করে আপনার কম্পিউটার সুন্দরভাবে ব্যবহার করা যায় সে সম্পর্কে বিস্তারিত লিখেছেন মইন উদ্দীন মাহমুদ।

- * পেটিয়াম ৫ তুল্য VIII
- * অফলিক অইসিটি ফোরাম এবং ইন্টারনেট এক্সপ্রোস ব্রিটিশা দক্ষিণ এশিয়ার পরামর্শমূলক বৈঠকের প্রস্তাব
- * মরিসভা কমিটিতে সাবমেরিন ক্যামেরা
- * বিসিএ-এর দিনব্যাপী কর্মশালা
- * সাইবার ক্যাফে পরিচালনায় নীতিবান্দা
- * ভার্মাল লেজার কীবোর্ড তৈরি
- * স্যামবায়ের একটি মনিটর নির্মাণ
- * এ-টাটর ডিভিডিউইটরশীপ অর্জন
- * ইন্টারনেট সফটওয়্যার স্মার্ট ডিক ড্রাইভ
- * ডেভেলপমেন্ট কম্পিউটারের সুপার স্টোর চালু
- * এনটিভি সিঙ্গেলআই আইসিটি বৃষ্টি
- * এলজি সিডি রাইটার ও কয়ে ড্রাইভ
- * প্রকল্প স্কনভা সংস্করণ ২০০৫
- * আসছে পেনেট কম্পিউটার
- * সেপ্টেম্বর ২৮10 ইন্ডেলের সিডিটার
- * স্মার্ট স্মার্ট টেকনোলজিস'র ডিলাই
- * রিয়েলিট টিভি কার্ডের মূল্য হ্রাস
- * এইচপি প্রিটারের ওয়্যারেটি
- * পিগাবাইট 81845GE-RZ মাদারবোর্ড
- * পিগাবাইট 7N400 মাদারবোর্ড
- * লিগেটে মাইক্রোসফটের রোড শো
- * চাকরি বিষয়ক স্মার্ট ইঞ্জিন gollachut
- * ইন্টারনেট মাস্টিপল ডায়ালগ
- * পামওয়্যারের স্ট্রিও ৬০০ স্মার্ট ফোন
- * মাইন পোর্টাল jobsA1.com চালু
- * ওয়েবের জনক টিম বার্নার্স-লী
- * ২০০৪ সালের সেরা ট্রিউন নির্বাচিত
- * রায়ে অত্যাধুনিক তথ্য প্রযুক্তি অন্তর্ভুক্ত
- * কিলিগন মেরা (কিলিগি-মন্ডির)
- * ক্যানন PIXMA সিরিজের প্রিটার
- * মেক্সিকা 6015 মোবাইল ফোন বিলিগ
- * এপলের ১.২৫ ও ১.৪২ গি. ব্যাক মিনি
- * মটোরোলা RAZR V3 ম্যাসেজিং সেন
- * অকটেক এলজি কার্ডের মতল্য দূর্য
- * এপলের ওএসএস সিকিউরিটি প্যাচ
- * ইন্টেলের সোনামো মোবাইল প্রসেসর
- * শিক্ষাবিষয়ক গুপেসাইট
- bdeducation.info চালু
- * এনটিভি ডুকোমোর তৃতীয় প্রজন্মের এসএমএল সেরা চাল
- * এইচপি নাইট ২০০৫ অনুষ্ঠিত
- * মাইক্রোসফটের স্মার্ট ইঞ্জিন msn
- * পুরস্কার M3210 অডিও স্পীকার
- * টুইনসন স্মার কার্ড বাংলাদেশে
- * সেন পোর্টওয়ার্কিং কর্মশালা ঢাকার তরু
- * জালকোষ প্রকাশনী মাস্টার: নতুন বই
- * পেটগুয়ের 3018GZ নেটবুক
- * ভালেটাইন ইইন-এর ডিলাই নিয়োগ
- * এইচপি'র কালার ইন্টার লাইফ
- * ক্যামেরা কার্ডের মেরাদ বৃষ্টি
- * ঢাকার দু'দিনের সেমিনার ও কর্মশালা

উপসম্পাদক
ড. জামিলুর রহমান চৌধুরী
ড. হুমায়ুন হোসাইন
ড. মোহাম্মদ কামালুল্লাহ
ড. মোহাম্মদ আলমগীর হোসেন
ড. হুমায়ুন কবীর মাস

সম্পাদনা উপসম্পাদক
সম্পাদক
ভারপ্রাপ্ত সম্পাদক
সহযোগী সম্পাদক
সহকারী সম্পাদক
সাহায্যী সম্পাদক
সম্পাদনা সহযোগী

প্রবন্ধীন্দ্রী এম. এম. ওয়ামেদ
এম. এ. বি. এম. মদনমোহর
গোপাল মুন্সী
ইবন উসীমান মাহমুদ
এম. এ. হক জুবু
মে: আবদুল ওয়ামেদ তওল
মে: আহম্মদ আজিজ
সত্যেন উদ্দিন মাহমুদ

বিদেশে প্রতিনিধি
মাসাল উসীমান মাহমুদ
ড. শাম মাহমুদ-এ-শেখ
ড. এম. মাহমুদ
গিরিশ শ্রী শৌরী
মাহমুদ হুমায়ুন
এম. বাসারী
আ. হ. মে: মাহমুদজাওয়
মে: জামিলুর রহমান
নাতির উদ্দিন পারভেজ

আমেরিকা
কলকাতা
কুটন
আস্ট্রেলিয়া
জাপান
জার্মানি
নিংপোপুর
মালয়েশিয়া
মধ্যপ্রাচ্য

গ্রন্থক ও পত্রিকা নির্দেশক
কম্পোজ ও অসম্পাদক

এম. এ. হক আর
সবর হুসেন হির

মুদ্রণ: ব্যাপিস্টেম প্রিন্টিং এন্ড পাবলিশিং লিমিটেড
৪০-৪১, পোপ বারো, ঢাকা।

অর্থ ব্যবস্থাপক
সম্পাদন ব্যবস্থাপক
অনুবর্তক ও গ্রন্থক ব্যবস্থাপক
উৎপাদন ও বিতরণ ব্যবস্থাপক
সহকারী বিতরণ ব্যবস্থাপক
অর্থিক সহকারী

সম্মেন ডাউই বিহার
শিউরি অফিসার
হাসিনা নবাব মাহমুদ
জাহুরী রাই অধিকারী
হাসিনা মাহমুদ
মে: আব্দুল মঈন
মে: আনোয়ার হোসেন

গ্রন্থক: সাহমা কাদের
কক মস ১১, ব্রিস্টল কমপিউটার সিস্টেম, সেন্টার সড়ক
আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন: ৮৬০০৪৪৪, ৮৬০১১৬৬, ০১৭০-৪৪৪২১১
ফ্যাক্স: ৮৮-০২-৪৬৬৪৭২০
ই-মেইল: jagat@comjagat.com
ওয়েব: www.comjagat.com

যোগাযোগের ঠিকানা:
কমপিউটার জগৎ
কক মস ১১, ব্রিস্টল কমপিউটার সিস্টেম, সেন্টার সড়ক
আগারগাঁও, ঢাকা-১২০৭। ফোন: ৮১২৪৯০৭

Editor: S.A.B.M. Badruddoja
Editor in Charge: Golap Moqr
Associate Editor: Main Uddin Mahmood
Assistant Editor: M. A. Haque Anu
Technical Editor: Md. Abdul Wahed Tunal
Senior Correspondent: Syed Abdul Ahmed
Correspondent: Md. Abdul Haliz
Manager (Finance): Sajed Ali Biswas

Published from:
Computer Jagat
Room No. 11
BCS Computer City, Rokeya Sarani
Agaragan, Dhaka-1207
Tel.: 8125802

Published by: Nazma Kader
Tel. 8616766, 8613522, 817-544217
Fax: 88-02-9644723
E-mail: jagat@comjagat.com

তথ্য প্রযুক্তি ও বাংলা ভাষা

এখন চলছে ফেব্রুয়ারি মাস। ফেব্রুয়ারি মাস আসলেই প্রথমেই মনে পড়ে একুশে ফেব্রুয়ারির কথা। বাংলা ভাষার জন্য জাতি হিসেবে আমাদের আত্মদানের কথা। ভাষার জন্য আমাদের ভাষা-সৈনিক আর ভাষা শহীদদের অনমন্ত্রণালয় লড়াই ভূমিকার কথা। বাংলায়ই একুশে ফেব্রুয়ারি মাসের খবরটা রফার রাজপথে রক্ত স্রবিত্তে গোটা দুনিয়ার মানুষকে সজ্জিত করে দিয়ে আমরা প্রমাণ করি বাঙালিই এ বিশ্বের একমাত্র জাতি যারা ভাষার জন্য প্রাণ নিতে পারে। ব্যারট্রোর' সে সপ্তাহে আমরা বিজয়ী হয়েছিলাম। বাংলাকে প্রতিষ্ঠিত করতে পেরেছিলাম এর যথার্থ মর্য়দান আমাদের।

আজ একশ শতকের এ দিনে বাংলা ভাষার আবেগে সপ্তাহ আমাদের সামনে হাজির। সে উপলক্ষ আমাদের সবার মাঝে সমভাবে আসেনি। আজ আমাদের সামনে জাতি হিসেবে অন্যতম এক কর্তব্য হয়ে দাঁড়িয়েছে বাংলা ভাষাকে তথ্য প্রযুক্তির জগতে এক অনন্য আসনে আসীন করার অপর এক সপ্তাহে ব্যপিয়ে পড়া। এ সপ্তাহে আমাদের প্রতিটি মানুষের ঐক্যবদ্ধ ও সচেতন প্রয়াস প্রয়োজন। আমাদের সূচক বিশ্বাস, আমরা যদি ব্যারট্রোর ভাষা আন্দোলনের মতো আজ আবারো বাংলা ভাষাকে তথ্য প্রযুক্তির জগতে যথার্থ ঠাই দেয়ার ঐক্যবদ্ধ সপ্তাহে অবতীর্ণ হতে পারি, তবে বাংলা ভাষাকে এগিয়ে নেয়ার আন্দোলনে আমরা আবারো জয়ী হবো। তাই আজ আমাদের শপথ নিতে হবে, সে সপ্তাহে আমরা পিছপা হবো না। আমাদের তুলেই চলবে না, শুধু বাংলাদেশের ভেতর কেটি মানুষই বাংলায় কথা বলে না। গোটা পৃথিবী জুড়ে ৪৫ কোটি মানুষ বাংলায় কথা বলে। বাংলায় তাদের মনের ভাব প্রকাশ করে। বাংলায় সম্পাদন করে হাজারো কাজ। বাংলা বিশ্বের চতুর্থ বহুল-ব্যবহৃত ভাষা।

বাংলা ভাষাকে ব্যাপকভাবে তথ্য প্রযুক্তিতে সাফল্যের সাথে ব্যবহারের জন্য একটি প্রমিত কীবোর্ডের প্রয়োজনীয়তা আমরা অস্বীকার করতে পারি না। কিন্তু বাংলা টাইপ করার জন্য একটি প্রমিত কীবোর্ড লে-আউট পেতে আমাদের অপেক্ষায় থাকতে হয়েছে ১৯ বছর। কীবোর্ড প্রমিতকরণের ব্যাপারে এ দেশে চলে দীর্ঘ দিন ধরে নানা বিতর্ক, যার তরু হয়েছিল ১৯৮৫ সালে।

বাংলা নিয়ে তথ্য প্রযুক্তি জগতে আরেকটি উল্লেখযোগ্য বিতর্ক চলছে ইউনিকোডক থিরে। অনেকে মনে করেন একটি প্রমিত কীবোর্ড থাকা দরকার। তবে প্রমিত কীবোর্ডের পাশাপাশি অন্যান্য কীবোর্ডের ব্যবহার হতেই পারে। মূল বিষয় হলো, যে কীবোর্ড নিয়েই টাইপ করি না কেন, শেষ পর্যন্ত তা ইউনিকোডে সর্বাধিক উপায়ে সংরক্ষিত হবে কিনা, তাই মূল বিষয়ক।

নব্বইয়ের দশকের গোড়ার দিকে ইউনিকোড স্ট্যান্ডার্ড চালু হয়। এটি বিশ্বজুড়ে স্বীকৃত বর্ণ সঙ্কেতায়নের এক আন্তর্জাতিক ব্যবস্থা। ইউনিকোডে প্রতিটি ভাষার বর্ণমালার জন্যে আলাদা আলাদা কোড বরাদ্দ করা হয়। ফলে বহুভাষা ব্যবহার করে তৈরি করা ডকুমেন্ট বিনিময় সহজ হয়ে যায়। বলা দরকার, একাধিক ভাষার বর্ণ নিয়ে কাজ করতে চাইলে, সে কাজ বিশ্বব্যাপী বিনিময় করতে চাইলে ইউনিকোডের বিকল্প নেই। ইউনিকোডের আশে কমপিউটারে হাজারটা করেষ্টার এনকোডিং পদ্ধতি ছিলো। এর একেকটার মান ছিলো একেক রকম। কমপিউটার কোম্পানিগুলো তাদের প্রয়োজনে ভিন্ন ভিন্ন এনকোডিং অনুসরণ করতো। ফলে বহুভাষা নিয়ে কাজ করার সময় কমপিউটারে কয়েক ধরনের এনকোডিং স্ট্যান্ডার্ড ব্যবহার হতো। অনেক ভাষা ইউনিকোডের সমাধান থাকতো। ইউনিকোড একটি একক স্ট্যান্ডার্ড সিস্টেম বা প্রটোকল, যা প্রোগ্রাম ও ভাষার জটিলতামুক্ত। যুক্তরাষ্ট্রের ইউনিকোড কনসোর্টিয়াম এ স্ট্যান্ডার্ড রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করে থাকে। বাংলা ভাষাকে ইউনিকোডভুক্ত করা সম্পর্কিত জটিলতা যথাসম্ভব মিটিয়ে ফেলা দরকার।

বাংলা কমপিউটিংয়ের আরো অনেক কাজ এখনো বাকি। বাংলা ভাষায় ডাটাবেজ তৈরি, লাইব্রেরি ক্যাটালগ তৈরি, ভূমি জরিপের ফলাফল, কৃষি তথ্য ভাণ্ডার, যোগাযোগ তথ্য ডাটাবেজ তৈরির মতো অনেক কাজই এখনো বাকি। বাংলা কমপিউটিংয়ে অসমর্থ কাজগুলো করতে এবং বাংলা নিয়ে তথ্য প্রযুক্তির মহাসড়কে টিকে থাকতে আমাদেরকে প্রীতিমতো লড়াই করে যেতে হবে। জাতি হিসেবে আমরা যেমন সে সচেতনতা দেখাতে পারি, সে প্রত্যাশা করি।



প্রসঙ্গত বছরের নতুন আইসিটি পণ্য

কমপিউটার জগৎ জানুয়ারি ২০০৫ সংখ্যাটি পড়লাম। এর প্রচ্ছদ প্রতিবেদনটি এবার কিছুটা ব্যতিক্রম মনে হচ্ছে। নতুন প্রযুক্তি পণ্য খুঁজে নিয়ে এ ধরনের প্রচ্ছদ প্রতিবেদন লেখা অনেকটা কঠিন কাজ। লেখক ৩০টি মূল পণ্য ছাড়াও এই প্রতিবেদনে ২০টি বিষয়কর আইসিটি পণ্যকে স্থান দিয়েছেন। এসব বিবরণকর পণ্য ২০০৪ সালে বাজারে এসেছে। কিছু পণ্যগুলোর কথা আমরা কতকজনে জানতে পেরেছি। অনেকের পক্ষেই জানা সম্ভব হয়নি। তাই এদের পণ্য সম্পর্কে আমাদের কোন প্রতিক্রিয়া লক্ষ করা যায়নি। একটি বছর গেলো অহত এসব পণ্য শেষে আমাদের প্রচ্ছদ প্রতিবেদনে স্থান পেলে। কিছু বিষয়ে হলো এ সুবাদে এসব পণ্য সম্পর্কে আমরা জানতে পেরেছি। এজন্য কমপিউটার জগৎ কর্তৃপক্ষকে ধন্যবাদ।

সে যাক। এবার আসা যাক মূল বিষয়ে। প্রচ্ছদ প্রতিবেদনে আগেচা পণ্যগুলো ছাড়াও

বাজারে আরো কিছু নতুন পণ্য এসেছে। সেগুলো সম্পর্কে কিছুই বলা হয়নি। সম্ভবত প্রতিবেদনটি লেখার প্রাক্কালে এসব নতুন পণ্যকে ওয়্যেবে দেখা হয়নি, নরাজে যখন প্রতিবেদনটি লেখা হয়েছে তখন এসব পণ্য বাজারে আসেনি। তাই বলবো প্রতিবেদনটি অনেক প্রতুতিমূলক ছিল। এটা যেকোন প্রতিবেদনের মানকে সমৃদ্ধ করবে। হতে পাঠক এবং সংশ্লিষ্ট সবাই উপকৃত হই। কমপিউটার জগৎ পূর্ব থেকেই পাঠকদের চাহিদার প্রতি শ্রদ্ধাশীল। তাই আমরা করবো ভবিষ্যতেও এই ধরনাবাহিকতা বজায় থাকবে। এছাড়া আমাদের প্রত্যক্ষা থাকবে ভবিষ্যতে যেসব নতুন আইসিটি পণ্য বাজারে আসবে সেগুলো সম্পর্কেও এভাবে আবেদনা করার। আশা করি কর্তৃপক্ষ বিষয়টি মূল্যায়ন করবেন।

আসনা বেগম
মিরপুর, ঢাকা।

সুপ্রভাত কমপিউটার জগৎ

বছর গড়িয়ে নতুন বছর এলো। এইই মধ্য কমপিউটার জগৎ ১৪ বছর পাড়ি দিয়েছে। নতুন বছরে আমাদের প্রত্যক্ষা ছিল কমপিউটার জগৎ নতুন আঙ্গিকে নতুন সাজে সজ্জিত হয়ে প্রকাশ করা হবে। কোন কোন বিষয় বিদ্যাসে কিছুটা ব্যতিক্রম লক্ষ করা গেলেও অধিকাংশ বিষয়ই ছিল পূর্ব ধরনাবাহিকতার বহিঃপ্রকাশ। তাই কমপিউটার জগৎ-কে ব্যতিক্রম বলা যাবে না। সব পত্রিকার পাঠকরাই নতুন বছরে নতুন বিষয়

বিদ্যাসে সব পত্রিকাকে দেখতে চায়। আশা করেছিলাম কমপিউটার জগৎ আমাদের সে প্রত্যক্ষা পূরণে এনিয়ে আসবে। কিন্তু আসেনি। তাই বলবো কমপিউটার জগৎ-এর বিষয় বিদ্যাসে আরো কিছু নতুনত্ব আনা প্রয়োজন। এতে পাঠক খিঁচতা বাড়বে। যেকোন পত্রিকার জন্য এটাই হচ্ছে শুভ লক্ষণ। আশা করি কর্তৃপক্ষ বিষয়টি ভেবে দেখবেন।

এম কামাল উদ্দীন
সূত্রাপুর, ঢাকা।

দুনীতিমুক্ত দেশ গড়তে ই-গভর্নমেন্ট

দুনীতিতে বাংলাদেশের অবস্থান কোথায় তা নিয়ে সরকার, জগৎপণ্ড ও দেশে-বিদেশে পর্যবেক্ষকদের মধ্যে মতবৈধতা রয়েছে। সে বিতর্কে আমরা জড়তে চাই না। তবে একথা বলতে চাই দুনীতি বিধের সব শেষেই কম-বেশি আছে, সেহেতু বাংলাদেশও আছে। এই দুনীতি স্তম্ভ করতে আগে গবেষণা বিশেষজ্ঞরা কমপিউটার ব্যবহারের ওপর গুরুত্বারোপ করে আসছেন। কিছু সরকারের পক্ষ থেকে এ ব্যাপারে পূর্ণ সহযোগিতা না পাওয়ায় এখনো দেশে ই-গভর্নমেন্ট প্রতিষ্ঠা সম্ভব হয়নি। তাই দেশের সুশীল সমাজ থেকে গুরুত্বারোপের নতুনো শাস্তি ই-গভর্নমেন্ট পলিসি এন্ড প্রকটিসেস অব বাংলাদেশ শীর্ষক এক সেমিনারের আয়োজন করা হয়। এই সেমিনারে আগত অভিবৃন্দ বিভিন্ন দেশের প্রেক্ষাপটে ই-গভর্নমেন্ট প্রতিষ্ঠার গুরুত্ব তুলে ধরেছেন। এর আগেও এ ধরনের অনেক

সেমিনার, সিম্পোজিয়াম অনুষ্ঠিত হয়েছে। কিন্তু এসব সেমিনার সিম্পোজিয়াম থেকে সুদৃষ্টি ও সুপারিশকৃত নীতিমালার বাস্তবায়ন আমরা দেখছি না। কমপিউটার জগৎ-এ এ ব্যাপারে অনেক লেখা-লেখি হয়েছে। কিন্তু কোন অগ্রগতি লক্ষিত হয়নি। হচ্ছে এটুইই যেখানে টাইপরাইটার ব্যবহার করে কাজ করা হতো সে কাজ এখন করা হচ্ছে কমপিউটারে। একে ই-গভর্নমেন্ট বলা যায় না। সত্যিকারের ই-গভর্নমেন্ট বলতে যা বুঝায় তা এ ধরনের বিচ্ছিন্ন উদ্যোগ বাস্তবায়নের মাধ্যমে প্রতিষ্ঠা সম্ভব নয়। ই-গভর্নমেন্ট প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারের উদ্যোগে সমন্বিত প্রচেষ্টা প্রয়োজন। আশা করি সরকার এবং সংশ্লিষ্টরা এ বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করবেন।

কামুদী রায়
টসী, ঢাকা।

Name of Company	Page No.
Agni Systems Ltd.	20
Asla Infosys Ltd.	76
BBIT	94
Bijoy Online Ltd.	22
Brac BD Mail Network Ltd.	72
Ciscovalley	67
Com Valley Ltd.	12
Computer Solution	68
Computer Source Ltd.	17
Convince Computer Ltd.	75
Excel Technologies Ltd.	10
Excel Technologies Ltd.	11
Excel Technologies Ltd.	18
Flora Limited	3
Flora Limited	4
Flora Limited	5
Genufly Systems	53
Global Brand (Pvt.) Ltd.	19
Hewlett Packard	Back Cover
Intel	98
International Computer Network	16
International Office Equipment	48
International Office Machines Ltd.	96
J.A.N. Associates Ltd.	50
J.A.N. Associates Ltd.	51
Metronet Bangladesh Ltd.	3rd Cover
Microimage Bangladesh	93
Multilink Int'l. Co. Ltd.	6
Multilink Int'l. Co. Ltd.	7
Nova Computer	45
Orient Computers	9
Oriental Services	8
Power Point Ltd.	30
Proshika Computer Systems	69
Rahim Afrooz Distribution Ltd.	47
Rangs ITT Ltd.	2nd Cover
Retail Technologies	54
Rishit Computer	97
SMART Technologies (BD) Ltd.	89
SMART Technologies (BD) Ltd.	90
SMART Technologies (BD) Ltd.	91
SMART Technologies (BD) Ltd.	92
Solar Enterprise Ltd.	95
Techno BD	14
Techview Ltd.	52
Valentine International	49
Vocal Logic	41

তথ্য প্রযুক্তির মহাসড়কে বাংলা কমপিউটিং

তথ্য প্রযুক্তিকে আমাদের দেশের তৃণমূল পর্যায়ে প্রয়োগ করতে হলে বাংলা কমপিউটিংয়ের ওপর জোর দিতে হবে। কিন্তু দীর্ঘদিন ধরে বাংলা কমপিউটিং শুধু প্রকাশনা জগতেই আটকে আছে। এমন কি একটি প্রমিত বাংলা কীবোর্ড লেআউট পেতে আমরা দীর্ঘ ১৯ বছর অপেক্ষা করেছি। কীবোর্ড লেআউট এবং বাংলা কমপিউটিংয়ের বর্তমান অবস্থা নিয়ে এবারের প্রচ্ছদ প্রতিবেদন।

ইশতিয়াক আইয়ুব

বাংলা পৃথিবীর চতুর্থ বহুল ব্যবহৃত ভাষা। বাংলাদেশ, পশ্চিমবঙ্গসহ পৃথিবীর প্রায় ৪৫ কোটি মানুষ এ ভাষা ব্যবহার করছে। তমু সাহিত্যের বেলায় নয়, এখন দ্রুতগতির কাজ থেকে শুরু করে জ্ঞান-বিজ্ঞান বা গবেষণাতেও বাংলা ভাষা ব্যবহার হচ্ছে। তথা প্রযুক্তির আন্তর্জাতিক সম্মেলনে প্রায় নিয়মিতভাবে বাংলা ভাষা নিয়ে গবেষণার জন্য একাধিক অধিবেশন রাখতে হয়।

সময়ের সাথে সাথে প্রেক্ষাপট বদলেছে। তথ্য প্রযুক্তিতেও মাতৃভাষা বাংলাকে প্রতিষ্ঠিত করতে হবে। কমপিউটার ব্যবহার ও পরিচালনার প্রতিটি স্তরে ব্যবহৃত ইনপুট ও আউটপুট হিসেবে যদি বাংলা ব্যবহার না হয়, তবে বাংলা কমপিউটিংয়ের স্বপ্ন কখনোই সফল হবে না। তথ্য প্রযুক্তিতে বাংলার অবস্থান পাকা-শোক্ত করতে না পারলে হয়তো ভবিষ্যতে বাংলা ভাষা ও তার লিপি শোভা পাবে জাদুঘরের কীচের বাসে। আর মাতৃভাষার এ কাজটি অন্য কেউ করে যেনে না, করতে হবে আমাদেরই। মাতৃভাষাকে সর্বস্তরে প্রয়োগের কথা কমাছি বটে, কিন্তু তথ্য প্রযুক্তিতেই এর কতটুকু আমরা প্রয়োগ করতে পেরেছি তা ভেবে দেখার বিষয়। দীর্ঘদিন ধরে বাংলা কমপিউটিং শুধু প্রকাশনা জগতেই আটকে আছে। বাংলা টাইপ করার জন্য একটি প্রমিত কীবোর্ড লেআউট পেতে আমাদের অপেক্ষা করতে হয়েছে ১৯ বছর। প্রমিত বাংলা কীবোর্ডের বিঘটটি শুরু হয়েছিল সেই ১৯৮৫ সালে।

বাংলাদেশ কমপিউটার কাউন্সিল (বিবিসি), বাংলা একাডেমী, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউট (বিএসটিআই), ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও শাহজালাল বিজ্ঞান ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদের নিয়ে গঠিত একটি কমিটি এ জাতীয় কীবোর্ড লেআউট প্রমিত করে। ২০০৪-এর এপ্রিল মাসে এ কমিটির রিপোর্ট আইসিটি টাঙ্কফোর্সের সভায় অনুমোদিত হয়। ২১ জুলাই ২০০৪-এ কীবোর্ড লেআউটটি বিএসটিআই অনুমোদন করে। শুধু প্রমিত কীবোর্ড লেআউট নয়, সেই সাথে বাংলা যুক্তবর্ণের তালিকা ও তার প্রয়োগ, ট্র্যাকের তালিকা, বাংলা বর্ণের অনুক্রমের তালিকাও (Bengali Collation Order) প্রমিত করা হয়েছে।

প্রচ্ছদ প্রতিবেদন

বাংলা কীবোর্ড লেআউট প্রমিতকরণ: ক্রমপঞ্জী

বাংলাদেশে বাংলা কীবোর্ড প্রমিত করার প্রয়োজন দেখা দেয় যাটার দশকে, বাংলা টাইপরাইটার প্রচলনের সাথে সাথে। অধ্যাপক মুনির চৌধুরী দীর্ঘ গবেষণার পর ১৯৬৫ সালে বাংলা টাইপরাইটারের জন্য বাংলা কীবোর্ড উপস্থাপন করেন। তিনি বাংলা লিপি ব্যবহারের পৌনঃপুনিকতা বের করার জন্য অম্বথ চৌধুরী, দরীন্দ্রনাথ ঠাকুর, আব্দুল হাই, ইব্রাহিম খাঁর রচনাংশ ও দৈনিক ইত্তেফাকের কলামের সাহায্যে ৬৩৯১টি শব্দ থেকে অক্ষর ও চিহ্ন গণনা করেন। এভাবে মুনির বাংলা টাইপরাইটারে প্রচলিত কীবোর্ডটি মুনির কীবোর্ড হিসেবে ব্যাপক পরিচিতি ও জনপ্রিয়তা পায়।

আশির দশকে গার্সোমাল কমপিউটারের চিঠিপত্র কম্পোজারের কাজ শুরু হয়। তখন টাইপরাইটার উদ্ভবন এবং কমপিউটারে বাংলা কীবোর্ড সংযোজন করার উদ্দেশ্যে বাংলা একাডেমী ১৯৮৫ সালে প্রকৌশলী সাইফ উদ-দোহর শহীদ, ড. মুহম্মদ জাকার ইকবাল ও ড. হেলায়েত হোসেনসহ পাঁচ সদস্যের একটি কমিটি গঠন করে। এ কমিটির কাজ বেশিদূর এগুতে পারেনি।

পরবর্তীতে ব্যক্তিগতভাবে ও বিভিন্ন আইটি প্রতিষ্ঠানের প্রচেষ্টায় একাধিক বাংলা কীবোর্ড চালু হয়। ১৯৮৫ সালে শহীদুল্লাহ কীবোর্ড, ১৯৮৬ সালে মাইনুদ লিপি কীবোর্ড, ১৯৮৭ সালে মুনির কীবোর্ড, ১৯৮৮ সালে বিজয় কীবোর্ডের প্রচলন উদ্বেগযোগ্য।

চিঠিপত্র কম্পোজার কাজে টাইপরাইটারের পরিবর্তে ব্যাপকভাবে কমপিউটার ব্যবহার শুরু হলে বেশ কিছু সমস্যা দেখা দেয়। কমপিউটারে বাংলা টাইপ করার সফটওয়্যারগুলোতে অলাদা কীবোর্ড লেআউট ব্যবহার হতো। যিনি এক ধরনের কীবোর্ড লেআউটে টাইপ করতে অভ্যস্ত হয়ে যাচ্ছেন, তিনি অন্য কীবোর্ডে টাইপ করতে অসুবিধায় পড়তেন। এ বিরাটিকর অবস্থা এড়াতে ১৯৮৭ সালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের

1 st Layer												
F12	F11	F10	F9	F8	F7	F6	F5	F4	F3	F2	F1	Esc
1	2	3	4	5	6	7	8	9	0	.	/	Backspace
ESC	F12	F11	F10	F9	F8	F7	F6	F5	F4	F3	F2	F1
Tab	Q	W	E	R	T	Y	U	I	O	P	[]
0000	0001	0002	0003	0004	0005	0006	0007	0008	0009	000A	000B	000C
Caps Lock	A	S	D	F	G	H	J	K	L	;	'	Enter
000D	000E	000F	0010	0011	0012	0013	0014	0015	0016	0017	0018	0019
Shift	1	2	3	4	5	6	7	8	9	0	Space BAR	Shift
001A	001B	001C	001D	001E	001F	001G	001H	001I	001J	001K	001L	001M
Ctrl	Windows Key	Alt	Space BAR	Alt GR	Windows Key	Right Button Key	Ctrl					

প্রথম কীবোর্ড লেআউটের প্রথম ত্তর

তদানীন্তন উপাচার্যের নেতৃত্বে একটি কমিটি কমপিউটারে বাংলা কীবোর্ড প্রমিত করার কাজ শুরু করে।

বাংলাদেশ কমপিউটার কাউন্সিল ১৯৯৩ সালে বাংলা জাতীয় কীবোর্ড চালু করে। সে কীবোর্ড লেআউট বিভিন্ন (বাংলাদেশ মান) নম্বরের জন্য কিএসটিআই-এ পাঠানো হয়। কিএসটিআই লেআউটটি অনুমোদন করেন। পরে বিভিন্ন সময় কিএসটিআই-এর ইটি-১৫ কমিটির সভাপতি নতুন নতুন কীবোর্ড লেআউট প্রমিত করার জন্য উপস্থাপিত হলে কমিটি কোনো সিদ্ধান্তে আসতে পারেনি। ৩০ জানুয়ারি ২০০৩ সালে সে কমিটির সর্বশেষ সভায় প্রমিত করার বিষয়টি

প্রথম প্রতিবেদন

আমিমাগেস্ত রেখেই ৮ ফেব্রুয়ারি ২০০৩ পর্যন্ত সভা স্থগিত করা হয়। পরে এ স্থগিত সভাও ব্যতিল হয়ে যায়। ২০০৩ সালের এপ্রিল মাসে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় বিষয়টি দ্রুত নিষ্পত্তির উদ্দেশ্যে নেয়। ২০০৩ সালের ১২ এপ্রিল বিসিপি নির্বাহী পরিচালককে আহ্বায়ক করে আরেকটি নতুন কমিটি গঠন করা হয়। কমিটিকে পরবর্তী তিন মাসের মধ্যে কমপিউটারে বাংলা কীবোর্ড প্রমিত করে মন্ত্রণালয়ে দেয়ার অনুরোধ জানানো হয়। ২৩ মে ২০০০-এ বিসিপি ও বাংলা একাডেমির উদ্যোগে কীবোর্ড লেআউট বিষয়ে দিনব্যাপী কর্মশালার আয়োজন করা হয়। ২০০৪ সালের ফেব্রুয়ারিতে বাংলা কীবোর্ড প্রমিতকরণ কমিটির রিপোর্ট মন্ত্রণালয়ে পাঠানো হয়। ২০০৪ সালের ১১ এপ্রিল অনুষ্ঠিত প্রধানমন্ত্রীর আইসিটি টার্মসহসর্গে নির্বাহী পরিষদে প্রমিত কীবোর্ড অনুমোদন করা হয়। ২০০৪ সালের ২১ জুলাই কিএসটিআই-এর ডিভিশনাল কমিটিতে প্রমিত কীবোর্ড লেআউটটি অনুমোদিত হয়।

ইউনিকোড কমপ্রায়েন্ট কীবোর্ড লেআউট

কীবোর্ড লেআউটকে বলতে আমরা কমপিউটারের সামনে যে কীবোর্ড দিয়ে টাইপ করি, তাকে বোঝানো হয় না। কীবোর্ড লেআউট মূলত একটি ম্যাপ, যেখানে বিভিন্ন বর্ণের পারস্পরিক অবস্থান দেখানো হয়। ম্যাপের প্রতিটি বর্ণের জন্য আলাদা আলাদা স্থান কোড

নির্ধারণ করা থাকে। নতুন যে বাংলা কীবোর্ড লেআউটটি প্রমিত হয়েছে, তা চার ত্তর বিশিষ্ট এবং ইউনিকোডে সর্মবন করে; বিষয়টি ব্যাখ্যা করা দরকার। যে কীবোর্ডের কী চাপলে ইউনিকোডের মান অনুযায়ী বাংলা বর্ণের কোড সৃষ্টি হয়। তাই হাতে পারে ইউনিকোড সর্মবিত বা ইউনিকোড কমপ্রায়েন্ট বাংলা কীবোর্ড। সরাসরি কী চাপার পাশাপাশি কীবোর্ডের শিফট কী ও ডান দিকের আর্শ কী (ALT) ব্যবহার করা হয়েছে বলে কীবোর্ডটিকে চার ত্তরের বলা হচ্ছে।

প্রথম কীবোর্ড ডিজাইনে বিবেচ্য বিষয়

ইউনিকোডে কমপ্রায়েন্ট কীবোর্ড লেআউট ডিজাইন করার সময় কমিটি কয়েকটি বিষয় গুরুত্বের সাথে বিবেচনা করে। এগুলো হলো: ইউনিকোডে ৪.০ সংস্করণে সর্বেশিত বাংলা ক্যারেক্টারগুলো কী-বোর্ডে রাখতে হবে।

যে কীবোর্ড দিয়েই টাইপ করি না কেন, মূল বিষয় হলো শেষ পর্যন্ত তা ইউনিকোডে সর্মবিত উপায়ে সংরক্ষিত হচ্ছে কি-না?

কীবোর্ডের প্রতিটি কী'র জন্য একটি ক্যারেক্টার অথবা কমবাইনিং ক্যারেক্টার সিকোয়েন্স সৃষ্টি হবে।

লেআউটটিকে ইউনিকোডে সর্মবিত সব উপায়েই সিস্টেমে কাজ করার উপযোগী হতে হবে।

Zero Width Joiner (ZWJ) এবং Zero Width Non Joiner (ZWNJ) - ইউনিকোডের এই দুটো মডিফায়ার কী লেআউটে থাকতে পারে।

কীবোর্ড ব্যবহার করে সব লেখা ইউনিকোডের নিয়মে সংরক্ষণ করতে হবে।

কীবোর্ড লেআউটটি কপিরাইটের আওতামুক্ত হবে।

বাংলা অক্ষরের পৌনঃপুনিকতা কিন্যাস বা ফ্রিকোয়েন্সি ডিস্ট্রিবিউশন অনুযায়ী কীবোর্ড লেআউটে বর্ণতুল্যের অবস্থান নির্ধারণের জন্য আরো কিছু মতামত বিবেচনায় আনা হয়:

সর্বশেষে জনপ্রিয় কীবোর্ডের শুধু ফেটু'ক পরিবেশ না করলেই হবে, সেটুকু পরিবর্তন করা হবে।

ডব্বিহতে বাংলা অপ্রায়েন্ট সিস্টেম তৈরি করা হবে বলে কীবোর্ডের ঘটি চিহ্ন, নানাবিধ প্রতীক-এ বাংলা বর্ণ ব্যবহার না করে ইংরেজি ২৬টি কীতে বাংলা বর্ণগুলো সীমাবদ্ধ রাখা হবে।

২৬টি কী-তে সীমাবদ্ধ রাখার জন্য এং ব্যবহারকারীর সুবিধার জন্য ই/ঈ, ঈ/ঈ, উ/ঊ, ঊ/ঊ, এ/এ, ঐ/ঐ, ঔ/ঔ, য/য, ঝ/ঝেফ) একই কীতে রাখা যেতে পারে।

ফ্রিকোয়েন্সি ডিস্ট্রিবিউশন থেকে সবচেয়ে বেশি ব্যবহারের অক্ষরগুলো সরাসরি টাইপ এবং কম ব্যবহারের অক্ষরগুলো শিফট কী ব্যবহার করে টাইপ করতে হবে। ফ্রিকোয়েন্সি ডিস্ট্রিবিউশন থেকে দশ বা ত্যার বিভিন্ন অক্ষরগুলো ব্যবহারের হার বিভিন্ন।

জালা কীবোর্ডে বাম হাত ও ডান হাতে সমানভাবে ব্যবহার হবার কথা। সে হিসেবে বর্ণগুলো কীবোর্ডে লেআউটে এমনভাবে সাজানো হবে যেন বাম হাতে এবং ডান হাতে সমানভাবে ব্যবহার হয়।

টাইপ করার সময় এক হাতে বেশি সময় টাইপ না করে হাত বদল (হাত সুইচিং) করা বাঞ্ছনীয়। তাই যে বর্ণ দুটি পরপর বুলনামূলকভাবে বেশি ব্যবহৃত হয়, সে দুটোকে বাম এবং ডান পাশে রাখার চেষ্টা করা উচিত।

উপরের বিষয়গুলো বিবেচনা করে দেখা যায় লেআউটে নিচের ১৫টি চিহ্ন রাখলেই বাংলা দেখা সহজ:

অ, ১, ই/ঈ, ঈ/ঈ, উ/ঊ, ঊ/ঊ, ঐ/ঐ, ঔ/ঔ, ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ব, ঞ, ট, ঠ, ড, ঢ, ত, থ, দ, ধ, ন, প, ফ, ব, ত, ম, য, র, ল, শ, হ, ষ, ঠ, ঙ, ট, য, (হেসড)

কমিটির রিপোর্টে বলা হয়, বাংলা বা ব্যবহারকারীদের মধ্যে বেশিভাগই বিজ্ঞর বাংলা কীবোর্ড ব্যবহার করেন। আর তাই বিজ্ঞর কীবোর্ড লেআউটকে নতুন কীবোর্ড লেআউট তৈরির সময় সবচেয়ে বেশি গুরুত্ব দেয়া হয়েছে। উপরের বিষয়গুলো বিবেচনা করে সবচেয়ে জনপ্রিয় 'বিজ্ঞর' কীবোর্ড লেআউটের কয়েকটি বিষয় পরিবর্তন করার মতামত দেয়া হয়:

ইংরেজি f কী'র ও ও। অক্ষরের সাথে h কী'র ও ত ও অক্ষরের পরিবর্তন করলে তা বাম এবং ডান হাতে লেখা যায় সমান সহজ হবে। ইংরেজি Z (↵) কী-টিতে Z (↵) বদলে যতিচিহ্ন/symbol কীওলা পুরোপুরি থালা রাখা যায়।

এ দুটো পরিবর্তন করলে কিছু দুর্বলতা রয়ে যাবে:

v (g/s) কী-তে বেশি ব্যবহারের n বর্ণটি শিফট কী দিয়ে লিখতে হয়। তবে একে অন্যত্র সরানো ছাড়া সহজ সমাধান নেই বলে এখানেই রাখা যেতে পারে।

বিজ্ঞর কীবোর্ডের (চন্দ্রবিশ্ব) বর্ণটি শিফট q থেকে সরিয়ে দেয়া যায়। e অক্ষরটি ইউনিকোডের নিয়ম অনুযায়ী ত হসড দিয়ে লেখা হবে বলে কীবোর্ডের Back Slash (\) কীতে (e/ s) থাকার প্রয়োজন নেই। Back Slash (\) কী অন্যান্য ব্যবহারের জন্য গুরুত্বপূর্ণ।

য (চ/ছ) কী-তে বেশি ব্যবহারের ছ বাংলা শিফট কী ব্যবহার করে লিখতে হয়। এ দুটো অদল-বদল করা যেতে পারে।

নতুন কীবোর্ড প্রণয়নে মতামত

কমপিউটার বাংলা কীবোর্ড লে-আউট প্রমিতকরণ কমিটি কীবোর্ড প্রমিত করার জন্য একটি সিনব্যাপী কর্মশালা এবং চারটি সভার আয়োজন করে। ২৬ এপ্রিল ২০০০-এ অনুষ্ঠিত কমিটির প্রথম সভায় সদস্যরা হাজার মতামত দেন, প্রমিত কীবোর্ড প্রণয়নের আগে বাজারে চালু সবগুলো কীবোর্ড পরীক্ষা নিরীক্ষা করা প্রয়োজন। এসব কীবোর্ডের বিভিন্ন সুবিধা বা অপসারণ অন্তর্ভুক্ত করেই স্ট্যান্ডার্ড কীবোর্ড লেআউট তৈরি করা হবে। কীবোর্ড প্রণয়নকারে মতামত, সুবিধা, গবেষণা কাজ ইত্যাদি বিবেচনা করা হবে।

বাংলা একাডেমী ও বিসিদি'র যৌথ উদ্যোগে ২০০০ সালের ২৩ মে বাংলা একাডেমীতে দিনব্যাপী একটি কর্মশালা আয়োজন করা হয়। সেমিনারে বাংলা কীবোর্ড প্রণয়ন ও বাংলা কীবোর্ড সফটওয়্যার ব্যক্তির তাদের উদ্ভাবিত কীবোর্ড লেআউটের তাৎপর্যপূর্ণ বিশ্লেষণ ও ইউনিকোডের গুরুত্ব নিয়ে আলোচনা করেন।

২০০০ সালের ৩০ জুলাই বিসিদি'র সভাকক্ষে কমিটির তৃতীয় সভায় বাজারে প্রচলিত কীবোর্ডগুলো পরীক্ষা-নিরীক্ষা করে অক্ষরের পৌনঃপুনিকতা বিন্যাস এবং প্রস্তাবিত ইউনিকোড (নসংখ্যিত) এর ভিত্তিতে একটি ইউনিকোড সর্বাঙ্গীত কীবোর্ড তৈরী করতে বসে সিদ্ধান্ত নেয়া হয়।

২০০৩ সালের ৭ আগস্ট কমিটির চতুর্থ সভায় মেয়া সিদ্ধান্ত হয়, ব্যবহারকারীদের প্রয়োজনে এ কীবোর্ড পরিবর্তননা সুযোগ দেওয়া যেতে পারে। তবে সংরক্ষণের কোনো প্রতিটি বাংলা বর্ণ/সিঙ্কেস ইউনিকোড স্ট্যান্ডার্ড সবাইকে অবশ্যই অনুসরণ করতে হবে। বাংলা ডাটাবেজের ক্ষেত্রে বর্ণ/সিঙ্কেস সংরক্ষণ ও সফটওয়্যার একাডেমীর সাধারণ জরিপাদানিক তথ্যাদেশের অনুসরণ করতে হবে। বাংলা ভাষায় ব্যবহৃত প্রিফরেন্সিভিক ফন্ট সমগ্রই ও সংরক্ষণ করে এটি প্রমিত করার ব্যবস্থা নিতে হবে।

কমিটির রিপোর্টে আরো বলা হয় সব সরকারি, আধা-সরকারি, ব্যবসায়িক ও বেসরকারি সংস্থার কমপিউটারে ইউনিকোড সর্বাঙ্গীত জাতীয় কীবোর্ড গ্রহণ আবশ্যিক করতে হবে।

সরকারি প্রতিষ্ঠান ও সংস্থাগুলোর বর্তমান ডকুমেন্টগুলো আঙ্গিক কোড থেকে ইউনিকোডে রূপান্তর করতে হবে।

সব কাজ এখন থেকে ইউনিকোড সর্বাঙ্গীত বাংলা কী-বোর্ডে টাইপ করতে হবে।

কোনো ডকুমেন্ট এক স্থান থেকে অন্যস্থানে স্থান ভিক, সিডি, ই-বেইল ইত্যাদি মাধ্যমে পাঠানোর আগে তা ইউনিকোডে রূপান্তরিত করে হবে।

ইউনিকোডে রূপান্তরিত প্রথম চারটি বাংলা অক্ষর খ ত(৭), ক, অক্ষর ব (১) ও দাঁড়ি (।) এর জন্য কোড নম্বর ০9BA, 09BB, 09BC, 09BD অর্ন্তভুক্ত করার প্রস্তাব দেয়া হবে। ইউনিকোডে Currency Block-এর টাকার চিহ্ন "b" এর পাশে শুধু 'Rupee' লেখা আছে। এক্ষেত্রে 'Rupee' এর জায়গায় 'Rupec/Taka' লেখার সুপারিশ করা হবে।

2 nd Layer												
Esc	F1	F2	F3	F4	F5	F6	F7	F8	F9	F10	F11	F12
Backspace												
Tab	1	2	3	4	5	6	7	8	9	0	.	/
	09E2	09E3	09A2	09A8	09A3	09E9	09D0	09E6	09E8	09D9		
Cap Lock	7	.	/	4	5	6	7	8	9	0	.	/
	09D7	09C3	09C3	09A2	09A4	09E3	09E6	09A3	09A7			Enter
Shift	1	2	3	4	5	6	7	8	9	0	.	/
	09E3	09CC	09C3	09E2	09A3	09E7	09E6					Shift
Ctrl	Windows Key	Alt	Space BAR				Alt GR	Windows Key	Right Button Key	Ctrl		

প্রমিত কীবোর্ড লেআউটের দ্বিতীয় স্তর (Shift কী ব্যবহার করে)

ইউনিকোড ও বাংলা

কমপিউটিংয়ে এর গুরুত্ব

কীবোর্ড লে-আউট প্রমিতকরণসহ বাংলা কমপিউটিংয়ে সবচেয়ে বেশি তরুত্ব দেয়া হয়েছে ইউনিকোড বিঘ্নটির ওপর। কিন্তু ইউনিকোড কি, এর বিশিষ্টা কি অথবা বাংলা কমপিউটিংয়ে এর গুরুত্ব ব্যতীত ইউনিকোড নিয়ে আমাদের অনেকের ধারণাই স্পষ্ট নয়। কমপিউটারে বাংলা টাইপ করছি বললেও আসলে আমরা এতদিন ইউনিকোডেই টাইপ করছি। বাংলার জন্য আলাদা কোনো কোড সেট না থাকায় শুধু আঙ্গিক কোস্ট্রের সেটের ইংরেজি অক্ষরের চেহারা উপর বাংলা চেহারা বসিয়ে মুদ্রণ কাজ চালিয়েছি। তাতেও বাংলা টাইপে সমস্যা দূর হয়নি। দেখা গেছে, এক বাংলা সফটওয়্যার দিয়ে টাইপ করা ডকুমেন্ট অন্য সফটওয়্যার দিয়ে সম্পাদনা করা যায় না। কারণ, বাংলা টাইপ করার সফটওয়্যারগুলো একটি নির্দিষ্ট স্ট্যান্ডার্ড না মেনেই হলেও রকম বাংলা ফন্ট ব্যবহার করতো। কেউ হয়তো এক ফন্টে A অক্ষর চেহারা বদলে 'ক' করেছে, আবার কেউ সেই A বদলে করেছে 'চ'। তাই ভুল করে ফন্ট বদলে গিলেই বাংলা লেখা কিছুতফিকার হয়ে যেতো। অথচ ফন্ট বা বাংলা কোড সেট প্রমিত না করে আমরা ভেবেছি, প্রমিত কীবোর্ড লেআউট হলেই সুবি সমস্যা ত্রিক হয়ে যাবে। উল্লেখ্য, ভারত ১৯৮৭ সালে তাদের আঙ্গিকি জঘাগুলো কমপিউটারে প্রয়োগের জন্য ISCI এনকোডিং স্ট্যান্ডার্ড ত্রিক করে মে। প্রমিত কোড সেট মেনে চলায় তাদের কীবোর্ড বা ফন্ট বদলালেও লেখা পড়তে কোনো অসুবিধা হয়নি। অবশ্য বিএসটিআই ১৯৯৪ সালে একটি বাংলা কোডসেট (বিভিএস ১৫২০:১৯৯৫) অনুমোদন করে। তবে তা খুব বেশি সুবিধার ছিল না বলে আইএসও এ প্রত্যাখ্যান করে।

মাই হোক, নমুইয়ের দশকের গোড়ার দিকে ইউনিকোড স্ট্যান্ডার্ড চালু হয়। এটি বিশ্বজুড়ে স্বীকৃত একটি আন্তর্জাতিক বর্ণ সংকেতামান মান ব্যবস্থা। ইউনিকোডে প্রতিটি অক্ষর বর্ণমানার জন্য আলাদা আলাদা কোড বরান করা হয়। ফলে বহুভাষা ব্যবহার করে তৈরি করা ডকুমেন্ট বিশ্বব্যাপী বিনিময় সহজ হয়। যুক্তরাষ্ট্রের 'ইউনিকোড রূপান্তরিতাম' নামে

একটি প্রতিষ্ঠান এ স্ট্যান্ডার্ড রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করে থাকে।

বর্তমানে এ রূপান্তরিতামের সদস্য হিসেবে পীর্থস্থানীয় কমপিউটার পণ্য নির্মাতা, সফটওয়্যার কোম্পানি, ডাটাবেজ কোম্পানি, গবেষণাকেন্দ্র, আন্তর্জাতিক সংস্থা ও বিভিন্ন ধরনের সংগঠনের পাশাপাশি রয়েছে আন্তর্জাতিক সংগঠন।

ইউনিকোডের আগে কমপিউটারে হাজারটা ক্যারেক্টার এনকোডিং পদ্ধতি ছিল। এর একেকটা মান ছিল একেক রকম। কমপিউটার সফটওয়্যার কোম্পানিগুলো তাদের প্রয়োজনে ভিন্ন ভিন্ন এনকোডিং অনুসরণ করতো। ফলে এক কমপিউটারে বহুভাষা সাপোর্ট নিতে সফটওয়্যার নির্মাতারা হিম্মত

প্রশ্নদ প্রতিবেদন

দিয়ে যেতো। অ্যাপল, মাইক্রোসফট, এইচপি'র মতো বড় কোম্পানিগুলো তখন ইউনিকোডের সুন্না করে প্রধানত বাবিলিজি কারণে। পরে বিশ্বের অন্যান্য সব কোম্পানি এর স্বীকৃতি দেয়।

ইউনিকোডের প্রথম সংস্করণ মুক্তি পায় ১৯৯১ সালে। পরবর্তীতে ISO/IEC 10646 Universal Multiple-Octet Code Character Set(UCS)-এর নামে মিলিতভাবে কাজ করে ১৯৯৩ সালে ১, ২ সংস্করণ প্রকাশ করে। ১৯৯৬ সালে ইউনিকোড ২.০ প্রকাশিত হয়, যেখানে গ্রামী লিপির অন্তর্ভুক্ত লিপির সংখ্যা বৃদ্ধি পায়। এরপর ১৯৯৮ সালে ইউনিকোড ২.১, ২০০০ সালে ইউনিকোড ৩.০, ২০০৩ সালে ইউনিকোড ৪.০ মুক্তি পায়। অর্ন্তি বছরের মার্চ মাসে এর ৪.১ সংস্করণ মুক্তি পাওয়ার কথা রয়েছে।

ইউনিকোড স্ট্যান্ডার্ড পরিপূর্ণতা পেতে এখনো অনেক দেরি। পরবর্তী সংস্করণগুলো, অপেক্ষমান আবার লিপি অন্তর্ভুক্ত হবে। ইউনিকোডের নীতিমালার বলা আছে, একবার কোনো লিপি অন্তর্ভুক্ত হলে তা যাদ দেয়া বা নতুন করে এনকোডিং করা যায় না। একটি বর্ণ কোনো সংস্করণে যেখানে অন্তর্ভুক্ত হয়, পরের সংস্করণগুলোতেও সেখানে অন্তর্ভুক্ত হবে। তাই ইউনিকোডে একটি স্থায়ী স্ট্যান্ডার্ড এবং এর সংস্করণগুলো একটি অন্যটির সঙ্গে সম্পর্কিত হওয়া মানসমূহ। বিপের প্রায় সব কোম্পানি এখন এ স্ট্যান্ডার্ড মেনে নিয়ে তাদের সফটওয়্যার তৈরি

3 rd Layer													
Esc	F1	F2	F3	F4	F5	F6	F7	F8	F9	F10	F11	F12	
	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	ZWJ	ZWJ	Backspace	
	0xF4	0xF5	0xF6	0xF7	0xF8	0xF9	0xF10	0xF11	0xF12	0xF13	0xF14	0xF15	
Tab	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	
	0x02	0x03	0x04	0x05	0x06	0x07	0x08	0x09	0x0A	0x0B	0x0C	0x0D	
Capn Lock	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	
	0x10	0x11	0x12	0x13	0x14	0x15	0x16	0x17	0x18	0x19	0x1A	0x1B	
Shif	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	⌘	
	0xF4	0xF5	0xF6	0xF7	0xF8	0xF9	0xF10	0xF11	0xF12	0xF13	0xF14	0xF15	
Ctr	Windows Key	Alt	Space BAR					Alt GR	Windows Key	Right Button Key	Cen		

প্রমিত কীবোর্ড লেআউটের তৃতীয় স্তর (AltGr কী ব্যবহার করে)

করছে। যেসব অপারেটিং সিস্টেম বা এপ্লিকেশন সফটওয়্যারে এখনো ইউনিকোড সাপোর্ট নেই, তারাও তা শিগিরই আপডেট করছে।

ইউনিকোড ক্যারেটার সোর্সের প্রথম ২৫৬টি বর্ণ নেয়া হয়েছে অ্যাসকি-১ ক্যারেটার সোর্স থেকে। তাই অনেকে মনে করেন, ইউনিকোড হলো বিভিন্ন ভাষার অসংখ্য হাজার বিপুল অক্ষর, যা অ্যাসকি স্ট্যান্ডার্ডের বর্ধিত সংস্করণ। ধারণাটি পুরোপুরি সত্যি নয়। ইউনিকোড শুধু ভাষার বর্ণমালাকেই অক্ষরভুক্ত করে না, পাশাপাশি সংস্কৃতি ভাষার বর্ণ সমূহের প্রকৃতি, আকার, যাত্রার ব্যবহার, ব্যাকরণগত গ্রহণে ও সঠিয়ারে বিম্বর্তনকেও বিশেষভাবে

বিবেচনা করে।
ইউনিকোড

প্রচ্ছদ প্রতিবেদন

কখনোই ভাষা নিয়ে কাজ করে না, কাজ করে ভাষার লিখিত রূপ বা লিপি নিয়ে। লিপির লেখনী চিহ্নের মধ্যে থাকতে পারে বর্ণ 'ক', 'ম' ইত্যাদি অথবা জাপানি হিরোগানার মতো অক্ষর (Syllable) কিংবা চীনাঙ্গের মতো সরাসরি ধ্বনি-জ্ঞাপক প্রতীক (ideograph)। এক্ষেত্রে লিপির বর্ণমালাই নয়, প্রত্যেকটি লিপির নিজস্ব বিরাম চিহ্ন, বৈশিষ্ট্য সূচক চিহ্ন, গাণিতিক চিহ্ন, টেনিসকাল চিহ্ন, স্তরী চিহ্ন ও ডিফেন্ড্যান্টস অন্তর্ভুক্ত করা হয়েছে। ঐতিহাসিক প্রয়োজনে গ্রাটাম ভাষার লিপিও ইউনিকোডে রাখা হয়।

লেখ্যার কীভাবে ব্যবহার হয়, তার ওপর ভিত্তি করে লেখার উপাদান নির্ধারণ করা হয়। এটি একেক ভাষায় একেক রকম হতে পারে। যেমন: বাংলা ভাষার 'ডিম' শব্দ 'd' দিয়ে শুরু হলেও অডিগামে তা 'ড' অক্ষরেই থাকে। ভাষাগত ও বিজ্ঞিত এভাবে ইউনিকোড স্ট্যান্ডার্ডে 'কোড এলিমেন্ট'-কে ট্রেস্ট উপাদান হিসেবে নির্ধারণ করা হয়। কমপিউটারে টেক্সট প্রসেসিং করতে কোড এলিমেন্ট সবচেয়ে মৌলিক ও গুরুত্বপূর্ণ অংশ।

ইউনিকোডের প্রতিটি কোড এলিমেন্টের জন্য একটি নির্দিষ্ট সংখ্যাভিত্তিক নাম থাকে। এ সংখ্যাকে বলা হয় 'কোড পয়েন্ট'। শুরুতে U পয়েন্ট কোড পয়েন্টকে হেক্সাডেসিমেল মানে প্রকাশ করা হয়। যেমন: A কোড এলিমেন্টের জন্য নির্ধারিত কোড পয়েন্ট U+0041 (যার

হেক্সাডেসিমেল মান ০০৪১, দশমিক মান ৬৫)। প্রতিটি কোড এলিমেন্টকে একটি নির্দিষ্ট 'কোড নাম'-এ চিহ্নিত করা হয়। যেমন: A (U+0041) এর নাম "LATIN CAPITAL LETTER A"। সাধারণত প্রতিটি কোড ব্লকে একই লিপিভুক্ত বর্ণ রাখা হয়। কোড ব্লকভেদে আকার বিভিন্ন লিপিতে বিভিন্ন থাকতে পারে।

ইউনিকোডের প্রথম ৬৪ কিলোবাইট কোড পয়েন্টে বেশির ভাগ ভাষার বর্ণভাণ্ডার রাখা হয়েছে। এ ৬৪ কিলোবাইট কোড স্পেসকে বলা হয় Basic Multilingual Plane (BMP)। এছাড়া ব্যক্তিগত ব্যবহারের জন্য বেশকিছু সংরক্ষিত কোড পয়েন্ট রয়েছে। এসব সংরক্ষিত কোড পয়েন্ট কোনো জাতি বা অঞ্চলের ভাষার জন্য নয়, বরং কোনো বিশেষ পেশাজীবীদের প্রয়োজনে ব্যবহারের। যেমন, যদি কোনো কোরিগ্রামার নামের সূত্রের জন্য আলাদা এক

৬ অর্ধচ বাংলা কোড সেট প্রমিত না করে আমরা ভেবেছি, প্রমিত কীবোর্ড লেআউট হলেই বৃষ্টি সমস্যা ঠিক হয়ে যাবে!

সেট বর্ণমালা তৈরি করেন, তবে তারা এ সংরক্ষিত প্রাইভেট কোড ব্লক ব্যবহার করতে পারবেন। সংরক্ষিত কোড ব্লক ছাড়াও ইউনিকোড ক্যারেটার সোর্সের অনেক কোড পয়েন্ট কীকা রয়েছে, যেসব লিপির বর্ণভাণ্ডার এখানে বিবেচনামূলক রয়েছে। ইউনিকোডের ভবিষ্যৎ সংস্করণে এগুলো অন্তর্ভুক্ত হলে কীকা কোড পয়েন্ট ব্যবহার হবে।

ইউনিকোড স্ট্যান্ডার্ডে প্রতিটি কোড ব্লক, ১৬ বা ৩২ বিট ব্যবহার করে সংরক্ষণ করা হয়। তবে এ ভিন্ন ধরনের এনকোডিং একই বর্ণ ভাষার ব্যবহার করে বলে এক এনকোডিং থেকে অন্য এনকোডিংয়ে রূপান্তরের সময় কোন রকম ভাষার বিকৃতি হয় না। এ ফরম্যাটিকে বলা হয় ইউনিকোড ট্রান্সফরমেশন ফর্ম্যাট (UTF)। UTF-৪ মূলত ব্যবহার করা হয় এইটিএমএল এবং এ ধরনের প্রটোকলে। ফলে ইউনিকোড ক্যারেটার UTF-৪ এ রূপান্তর করা হলে অ্যাসকির জন্য তৈরি সফটওয়্যার কোনো ধরনের আমলা ছাড়াই ইউনিকোডে কাজ করে।

UTF-16 কম মেমরি স্পেসের জন্য আরেকটি কম্প্যাট ফরম্যাট। মেমরি স্পেস যেখানে কোনো সনস্যাি নয় সেখানে UTF-32 ফরম্যাট ব্যবহার করা হয়; আর ফরম্যাট যদি থাকুক না কেন, যে কোনো বর্ণের জন্য সর্বোচ্চ ৪ বাইট (৩২ বিট) জায়গা ব্যবহার করা যায়।

কমপিউটারে টেক্সটকে দুটি স্তরে ব্যবহার করে: প্রসেসিং ও এনকোডিং। ধরা যাক, কেউ কীবোর্ডে A টাইপ করল। অপারেটিং সিস্টেম এজন্য একটি ক্যান কোড(এক্ষেত্রে U+0041) পাঠায়। ওয়ার্ড প্রসেসর সফটওয়্যার সেটি মেমরিতে সংরক্ষণ করলো, সেই সঙ্গে ক্রমিক বর্ণটি দেখানোর জন্য ডিসপ্লে সফটওয়্যারের কাছে কোডটি পাঠিয়ে দিলো। ডিসপ্লে সফটওয়্যার কোডটির জন্য ফন্টের মধ্যে নির্দিষ্ট কোনো হুবির যোজ করে তা মনিটরে দেখায়। এভাবেই সনসমা টেক্সট প্রদর্শন হতে থাকে। ইউনিকোড স্ট্যান্ডার্ডে একটি বর্ণ কীভাবে অনুদিত হয়, তার নির্দেশনা থাকে। এতে শুধু টেক্সট এনকোডিং ও ডিকোডিং ঠিকমতো হচ্ছে কিনা, সেটি দেখা হয়। কিন্তু বর্ণের ভিজুয়াল রিপ্রেজেন্টেশন বা গ্রিফ নিয়ে ইউনিকোডে মাথা ঘামান না। বর্ণভাণ্ডার ক্রমে কীভাবে প্রদর্শিত হবে, তার জন্য দায়ী থাকে সফটওয়্যার বা হার্ডওয়্যারের প্রোগ্রামিং ইঞ্জিন।

ইউনিকোড স্ট্যান্ডার্ডের আরেকটি গুরুত্বপূর্ণ টেক্সট এলিমেন্ট হলো কথাইনিং ক্যারেটার সিকোয়েন্স। এতে সাধারণত একটি মূল বর্ণের পরে এক বা একাধিক কথাইনিং চিহ্ন রাখলে তা রেকারিয়ার সময় মূল বর্ণের উপরে, নিচে বা পাশে সঠিকভাবে দেখে যায়। যেমন, m + , + প টাইপ করলে তৈরি হয় 'm'। এ ধরনের ক্যারেটার গিলেয়েস একেক ভাষায় একেক রকম থাকে। এক্ষেত্রে কঠিনতা বর্ণের জন্য কোন বর্ণের পর কোন বর্ণ দিলে তা তৈরি হবে,

ইউনিকোড স্ট্যান্ডার্ড তা বলে দেবে।
অন্য ক্যারেটার সিকোয়েন্সের ক্ষেত্রে ক্রমিক কোন কোন বর্ণ দেখা যাবে তা স্থান নয়, বরং কোন বর্ণের পর কোন বর্ণ ইনপুট দিতে হবে সেটাই গুরুত্বপূর্ণ।
যেমন, 'm' স্ট্রিংয়ে যে হসার চিহ্ন ইনপুট দিতে হবে, তা ক্রমিক নাও দেখা যেতে পারে। সঠিক যুক্তিবাহিকভাবে ইনপুট দিলে ইউনিকোড স্ট্যান্ডার্ডই বলে দেবে মূল বর্ণের কোন পরিবর্তিত রূপ বসবে।


যা থেকে জানে (যেমন বাংলা লিপি) কিছা জানে থেকে বায়ে (যেমন আরবি লিপি)-কীবোর্ডে যেকােই টাইপ করা যেক না কেন, লিপিগুলো যেন মেমরিতে যৌক্তিকভাবে সংরক্ষিত থাকে, সে জন্য ইউনিকোডের নিজস্ব এনালিয়ার্স রয়েছে।

যেসব বর্ণ দেখতে একই রকম, অর্থাৎ তারা একাধিক ভাষার লিপিতে রয়েছে তাদেরকে ইউনিকোডে শুধু একবারই রাখা হয়েছে। যেমন: মেনাবনী লিপিতে দাঁড়ির মতো ভাড়া থাকার ফলে বাংলা লিপিতে পৃথকভাবে হস্তি চিহ্ন দাঁড়ি যুক্ত করা গিয়েছে। কারণ, ভাড়া ও হস্তি দুটোই ব্রাহ্মী লিপি থেকে এসেছে, দুটো দেখতে একই রকম এবং কাজও এক। আবার কোনো ভাষার লিপিতে এক বর্ণ থাকুক ভাবে লেখা হয়ে পারে। কিন্তু ইউনিকোড স্ট্যান্ডার্ডে বর্ণটি শুধু একভাবে

সংরক্ষিত হয়। যেমন: আরবিতে 'হা' হরফ চারভাবে লেখা হলেও ইউনিকোডে তা একরকমই সংরক্ষিত আছে।

কোনো ডায়ের বর্ণমালাকে ইউনিকোডে দু'ভাবে জাগ করে। একটি মূল লিপি (World Script), অন্যটি পরিবর্তিত লিপি। বাংলায় লিপির স্বরবর্ণ, ব্যঞ্জনবর্ণ, মাত্রা ও মৌলিক চিহ্নগুলোকে স্বাধীন বর্ণ হিসেবে মূল লিপির অন্তর্ভুক্ত করা হয়। ইউনিকোডে শুধু মূল লিপির কোড পরবেই দেয়া হয়। আর যেসব বর্ণ বা মাত্রা অন্য কোনো বর্ণের সংস্পর্শে বা সংযুক্তির ফলে উৎপন্ন হয়, বা পরিবর্তিত রূপে ব্যবহার হয়, তার জন্য কোনো কোড পরবেই থাকে না। পরিবর্তিত লিপির জন্য শুধু একটি রূপরেখা প্রণীত হয়।

সেদবাগরী, বাংলা, গুরুমুখী, তজরায়ি, ওড়িয়া, তামিল, তেলেগু, কানাড়া, মালয়ালম,



প্রথম কীবোর্ড লেআউটের চতুর্থ স্তর (Shift+AltGR কী ব্যবহার করে)

বাংলা বর্ণের অনুক্রমের তালিকা

Bengali Collation Order (Range 0980-09FF)		
ক্রম	বাংলা বর্ণ	ইউনিকোড (ASCII) কোড
1	09EA	৳ AltGr ৳
2	09FA	৳ AltGr ৳
3	09FA	৳ AltGr ৳
4	09FA	৳ AltGr ৳
5	09FF	৳ AltGr ৳
6	09FF	৳ AltGr ৳
7	09FF	৳ AltGr ৳
8	09FF	৳ AltGr ৳
9	09FF	৳ AltGr ৳
10	09FF	৳ AltGr ৳
11	09E7	৳
12	09E8	৳
13	09E9	৳
14	09EA	৳
15	09EB	৳
16	09EC	৳
17	09ED	৳
18	09EE	৳
19	09EF	৳
20	09F0	৳
21	09F1	৳
22	09F2	৳
23	09F3	৳
24	09F4	৳
25	09F5	৳
26	09F6	৳
27	09F7	৳
28	09F8	৳
29	09F9	৳
30	09FA	৳
31	09FB	৳
32	09FC	৳
33	09FD	৳
34	09FE	৳
35	09FF	৳
36	09FF	৳
37	09FF	৳
38	09FF	৳
39	09FF	৳
40	09FF	৳
41	09FF	৳
42	09FF	৳
43	09FF	৳
44	09FF	৳

নোট ১: 0980(অ) এর পর 098E(1) থাকলে তা 0986(ঊ) দ্বারা প্রতিস্থাপিত হবে।

নোট ২: সঠিক আলফাট্রিমের Zero Width Joiner(ZWJ) এবং Zero Width Non Joiner(ZWNJ)-কে আয়ত্ত করা হবে। এ দুটি ক্যারেক্টার শুধু ট্রিপ লেআউটে অনুলিখিত সমন্বয়নের জন্য ব্যবহৃত হয়।

নোট ৩: বাংলা 'সঁ' হিসেবে সেদবাগরী জাভা (0966) ব্যবহৃত হয়। দুই 'সঁ' হিসেবে ইউনিকোডের 0965 কোড ব্যবহার করা হয়। অন্যান্য রিফারেন্স চিহ্ন ইউনিকোডের 'C0 Controls and basic Latin' (ইউনিকোড রেঞ্জ 0000-007F) থেকে নেয়া হবে।

নোট ৪: উপরে তালিকাটি ইউনিকোডের 0980 থেকে 09FF রেঞ্জের ভেতর বর্ণগুলো অনুলিখিত। কোনো বাংলা ডকুমেন্টে এই রেঞ্জের বাইরের কোনো বর্ণ সঠিকভাবে দর্শক হলে সঠিক ইউনিকোড মান অনুযায়ী সমন্বয় হবে।

সিনহালা, থাই, লাও, তিব্বতী, বার্মিজ ও খোমার - এই মৌট লিপিকে ইউনিকোডে একই শ্রেণীভুক্ত রাখা হয়েছে। কারণ, এসব লিপির উৎপত্তি হয়েছে। ত্রাণ্ডী লিপির উত্তরসূরী হবার কারণে এসব লিপির গঠনগত বিন্যাস ও প্রয়োপরিতি ঠায় একই রকম। তবে ভারতের অন্যান্য প্রাদেশিক ডায়ের লিপির সঙ্গে বাংলাকে রাখা হয়েছে বলে অনুগ্রহের মনে হতে পারে, ভারতীয় পরিবারের অংশ হিসেবে বাংলা অর্ন্তর্ভুক্ত হয়েছে। কিন্তু এ শ্রেণীর থাই ও লাও লিপিকে দেখলে ব্যাপারটি স্পষ্ট হয়ে যাবে।

লাগুনী, ইউনিকোডে কোনো যুক্তাক্ষর থাকে না। আন্যদিকে আমাদের ডায়েরিদের ৎ ৎ ও অন্তর্হ ব-কে ইউনিকোডে স্থান দেয়ার কথা বললেঃ- এ বর্ণ দুটোই সর্বেশ্ব কোডিং প্রত্যাবনায় (বিউডএস ৫ ১৭৩৮; ২০০৪) এ বর্ণগুলোকে ইউনিকোডের অর্ন্তর্ভুক্ত করার কথা বলা হয়েছে। এ জন্য

বাংলাদেশকে ইউনিকোড কমসোর্টিয়ামের পূর্ণ সদস্য হতে হবে এমন কোনো কথা নেই। আর বছরে ১২ হাজার ডলার খরচ করা দেশের জন্য কতটুকু ফলস্বরূপ হবে, তাও ভেবে দেখাও হবে। ইউনিকোড কমসোর্টিয়ামের নীতিমালা অনুযায়ী, আমরা যদি বর্ণটিকে স্বাধীন বা মৌলিক বর্ণ হিসেবে প্রমাণ করতে পারি তবেই তা ইউনিকোডে রাখা হবে। যেমন: ইউনিকোডের ৪.১ ভের্সিওনে সিলেট ডায়ের ব্যবহৃত 'সিলিট নাগরী' বর্ণমালাকে স্থান দেয়া হয়েছে। আশার কথা, এ সংস্করণে ৎ (৬ ৩৮)-কে U+09CE কোড পরেই বরাদ্দ রাখার কথাও বলা হয়েছে।

প্রশ্ন প্রতিবেদন

প্রশ্ন আসতে পারে, আমরা যুক্তাক্ষরের জন্য কেন আলাদা কোড পরেই বরাদ্দ নিতে পারি না? ইউনিকোডের নিয়ম অনুযায়ী যুক্তাক্ষর পেতে হলে তা মূল বর্ণের ক্যারেক্টার সিকোয়েন্সের মাধ্যমেই ইনপুট দিতে হয়। যেমন: স্বরবর্ণ শব্দের বেলায় লিখতে হবে স+৳+র+ং। অন্যদিকে যুক্তাক্ষরে আলাদা কোড পরেই বরাদ্দ দিলে তা একবারে ইনপুট দেয়া যাবে। তখন স্বরবর্ণ, স্পন্দন, স্লাস, স্থান শব্দে ব্যবহৃত স্ব, স্প, স্ন, ঙ, ঙ্র, ঙ্র ইত্যাদি শব্দে মূল বর্ণ স এর কোনো সম্পর্ক থাকেনা না। এখন শব্দবিন্যাস বা সর্টিংয়ের বেলায় কোনটি আগে সববে? স, স্ব, স্প, স্ন, ঙ্র, ঙ্র নাকি স্ন ? এভাবে কয়েক শত যুক্তাক্ষরের অনুক্রম তালিকা তৈরি করলে তার আকার বিশাল হয়ে যায়। ফলে শব্দ বিন্যাসে সমস্ত বেশি লাগবে। এর কার্যকারিতাও হারাবে।

বাংলা লিপিতে 'মাত্রা' (কোর ও ফলা) ব্যবহারের বৈশিষ্ট্যের কারণে শব্দবিন্যাস জটিল হয়ে যায়। কারণ, এর কোনোটি ব্যতীে ডানে বামে (l/r), কোনোটি বামে (l/r/l), কোনোটি নিচে (l/l/l, l/l) আবার কোনোটি ডানে-বামে দু' দিকেই বামে (l/l/l/l)। ইউনিকোড টেকনিক্যাল কমিটির তালিকাধারা এর সমস্যাগুলি একটি সমাধান দিয়েছেন। তারা বলছেন, যেমনিতে সংরক্ষণের বেলায় সব ধরনের মাত্রাকে বর্ণের ডানে বামানে সর্টিংয়ে সমন্বয় থাকে না। অর্ন্তর্ভুক্ত মাত্রা ব্যবহারের সময় বর্ণগুলো ফোনটিক পদ্ধতিতে সংরক্ষণ করতে হবে। আর

ইউনিকোডের বসোলতে মনিতো মাত্রা কোনো দেখানো হবে, সেটি কোনো সমস্যা নয়।

কেউ ভাবতে পারেন, বাংলা বর্ণমালায় কোড পড়েই সঠিক ক্রমে দেয়া হয়নি বলে বাংলা সঠিকভাবে এতো খামেলা হচ্ছে। ধারণাটি ভুল। কারণ, কোড পয়েন্টের

ওপর ভিত্তি করে ভাষাগুলি সঠিক হয় না। বরং কোনো ভাষার বর্ণের অনুক্রমে জন্য একাধিক স্তরের মান নির্ধারণ করে সেই মানের তুলনা করে সঠিক করা হয়। এজন্য অনেক এলগরিদম রয়েছে। এক্ষেত্রে ইউনিকোড কোলেশন এলগরিদম ইউনিকোড ক্যারেক্টার সেটের জন্য খুব ভালো কাজ করে। আর বিভিন্ন দেশে এইই ভাষার কয়েক রকম বর্ণক্রম থাকতে পারে। তখন তা ধরে ধরে প্রকৃত বর্ণক্রমের তালিকা অনুযায়ী এলগরিদম পরিমার্জন করা হয়।

ইউনিকোড সমর্থিত পদ্ধতিতে তথ্য সংরক্ষণের জন্য আমরা কি বর্ণের তালিকা মাত্রা টাইপ করবো? না, এভাবে ইনপুট দেয়ার কোনো বাধাব্যতিকতা নেই। কীভাবে ড্রাইভার ব্যবহার করে আমরা মেজাবেই ইনপুট দেই না কেন, ইউনিকোড সমর্থিত উপায়ে সংরক্ষণ করলেই হলো। অর্থাৎ ওয়ার্ড প্রসেসরে যদি লিখি c-e-1 আর সংরক্ষণ করি b-2-1, তাও সমস্যা নেই। তবে এক্ষেত্রে উইন্ডোজ, মিনআর, ম্যাকওএস ইত্যাদি ধরনের অপারেটিং সিস্টেমে অন্য আলাদাভাবে কার্যকর কীবোর্ড ড্রাইভার তৈরি করাও জটিল হয়ে যাবে। অর্থাৎ

প্রচ্ছদ প্রতিবেদন

সিস্টেম ছাড়াও আরেকটি অ্যাপ্লিকেশনের দক্ষতার ওপর বিষয়টি নির্ভর করছে।

ওপেন টাইপ প্রযুক্তি

ইউনিকোডে বাংলা বর্ণের পর মাত্রা টাইপ করলে তা কীভাবে মনিতো সঠিকভাবে প্রদর্শন করে? শুধু মাত্রা নয়, বাংলার দ্ব্যর্থক সংজ্ঞা বর্ণ তৈরিতে প্রধান ভূমিকা পালন করে এ ওপেন টাইপ প্রযুক্তি। টাইপোগ্রাফির এ প্রযুক্তির কল্যাণে আমরা ক এর পর '১'(ও-কার) টাইপ করলেও 'কো' দেখতে পাই। আভ্যন্তরীণ ও মাইক্রোসফট কোম্পানির বৈধ উদ্যোগে এ প্রযুক্তির উদ্ভাবন হয়। ওপেনটাইপ প্রযুক্তির কোনো ফন্ট উইন্ডোজ ও ম্যাক-এ কাজ করে। এ ধরনের ফন্টে ৬৫ হাজারেরও বেশি ক্যারেক্টার রাখা যায়। এ ফন্টের আরেকটি বৈশিষ্ট্য হলো কোন কোন মূল বর্ণ দিয়ে যুক্তাক্ষর হয়, তা ফন্টেই বলে দেয়া যায়। ফলে এ ধরনের ফন্টে কোনো ভাষার সন্ধান বা ধরনের যুক্তাক্ষরের গ্রিফ যোগ করা যায়, যা আরও টু-টাইপ বা টাইপ-১ প্রযুক্তির ফন্টে সম্ভব ছিল না। এ প্রযুক্তির ফন্ট দিয়ে তৈরি ওয়েবপেজে জটিল যুক্তাক্ষর বাংলা দেখানো যায়।

এমন যদি একটি ফন্ট হতো, যার প্রতিটি কোড পয়েন্টে ইউনিকোডের সঠিক টাইপোগ্রাফি আছে এবং সমস্ত গ্রিফ সঠিকভাবে আছে, তবে সেটিই হতো আদর্শ ইউনিকোড সমর্থিত ফন্ট। তখন একটি ফন্ট দিয়েই শুধু কীবোর্ড পরিবর্তন করে ইউনিকোড সাপোর্ট করা সব লিপি দেখা

৬ প্রমিতকরণের বিষয়টি আরো দেরি হলে দেখা যেতো, কীবোর্ডে টাইপ করে ইনপুট দেয়ার প্রথাটাই বিলুপ্ত হয়ে গেছে। হাঁসির নয়, বিষয়টি আশঙ্কর ৭

যেতো। কিন্তু ফন্ট বাণিজ্যিক পণ্য বলে প্রতিটি ফন্টে সব ভাষার লিপি যুক্ত করা সম্ভব নয়। পাশাপাশি সব বর্ণ দিয়ে ফন্ট তৈরি হলে সে ফন্ট ফাইলটির আকারও কয়েক মেগাবাইট হবে। এতে ফন্টের বহনযোগ্যতা কমে যাবে। তারপরও ভালো বাংলা ওপেন টাইপ ফন্ট এমন হওয়া উচিত, যাতে বাংলা ভাষাভাষীরা বাংলা ছাড়াও ইংরেজি সহ অন্যান্য বহুল প্রচলিত ভাষা লিখতে পারে। বিনামূল্যে বাংলা ওপেনটাইপ ফন্ট ডাউনলোড করার সাইট:

<http://www.alanwood.net/unicode/fonts.html#bengali>

বর্তমানে কয়েকটি ইউনিকোড সমর্থিত কীবোর্ড

ইউনিকোড সমর্থিত কীবোর্ড লেআউট আর ফন্ট হলেই শুধু চলবে না, অপারেটিং সিস্টেমেও

সর্বশেষ

গত ২ ফেব্রুয়ারি ২০০৫ অগারলীও বিসিসি ভবনে 'বাংলা ক্যারেক্টার কোড সেট' বিষয়ক একটি সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে ড. মঈন খান বলেন, কোনো বিষয়ের প্রমিতকরণ করা বেশ কঠিন। আর সব সময় তা অভ্যাবশ্যকও নয়। তা হলে আমরা পৃথিবীজুড়ে একটিই মাত্র ভাষা ব্যবহার করতে পারতাম। না করার কারণ, আমাদের বৈচিত্র্যের দরকার আছে। সরকারের পক্ষ থেকে কোনো কীবোর্ড প্রমিত করার মানে এই নয়, এটি সবাইকে ব্যবহার করতেই হবে। এখন তো শোয়াইল সেনে মনে ১২টি বোতাম দিয়েই ইংরেজি সব ক্যারেক্টার লেখা যায়। কীভাবে পেআউট থেকে কোড সেট ওক্রমপূর্ণ।

বিসিসির নির্বাহী পরিচালক ড. এ এম চৌধুরী বলেন, কোনো বিষয়ের প্রমিতকরণ করা হয় মানুষের মধ্যে যোগাযোগের স্বচ্ছতার জন্য, সহজে তা বিনিময়ের জন্য। যোগাযোগের মাধ্যমটি ভিন্ন হতে পারে। যেকোন তথ্যপ্রযুক্তি একটি মাধ্যম। 'প্রমিতকরণ'-এর ফুল ব্যাধা করা ঠিক নয়। প্রমিতকরণ করা মানে আন্তর্জাতিকীকরণ নয়। প্রমিত কীবোর্ড বলতে কেউ যেন আবেগিত কীবোর্ড মনে না করেন।

বাংলা একাডেমীর মহাপরিচালক ড. মনসুর মুন্সার বলেন, সব জায়গায় লিপি নেই। পৃথিবীতে প্রায় ৭০০টি ভাষা আছে, যার লিখিত রূপ আছে। বাংলা লিপি এসেছে গ্রামীণ লিপি থেকে। যখন লিপি কোনো প্রকৌশল বা চিহ্নের রূপ বদলে যায়, তখন তার সঙ্গে মানিয়ে নিতে মস্তিষ্কের স্নায়ুতন্ত্রে জাপ পড়ে।

ইউনিকোড ও কমপ্লেক্স ফ্রন্ট সাপোর্ট থাকতে হবে। উইন্ডোজ ৯৮র মতো পুরোনো অপারেটিং সিস্টেম ইউনিকোড ও ওপেনটাইপ প্রযুক্তি সমর্থন করে না। যারা উইন্ডোজ এক্সপি, ২০০০, ২০০৩ ব্যবহার করছেন, তারা এ সুবিধা পাবেন।

আন্ট্রিউসিট ইন্টারন্যাশনাল নামের একটি প্রতিষ্ঠান তাদের 'এক্সেস প্রকল্পের ওয়েবসাইটে জাতীয় প্রমিত কীবোর্ড লেআউট ম্যানুয়াল বিনামূল্যে ডাউনলোড করার সুবিধা দিচ্ছে। প্রমিত পেআউটের পাশাপাশি দেখানো বাংলা ইউনিকোড, ইনস্ক্রিপ্ট, রুপলি, প্রভাত লেআউটও পাওয়া যাবে। সাইটটির ঠিকানা:

<http://www.ekushy.org/projects/>
উইন্ডোজ এক্সপি, ২০০০ ও ২০০৩ ব্যবহারকারীরা মাইক্রোসফটের কীবোর্ড লেআউট ক্রিয়েটর (এক্সএসকেএলসি) সফটওয়্যার দিয়ে সহনসহজতা পেআউট তৈরি করে নিতে পারেন। ইন্টারনেট থেকে বিনামূল্যে এটি ডাউনলোড করা যায়। ঠিকানা: http://www.microsoft.com/globaldev/tools/m_sklc.mspx

এছাড়া ইন্টারনেট থেকে অড, স্ট্রি, অফরবাংলা বা অলপনা সফটওয়্যার ডাউনলোড

ডাই লিপি পরিবর্তন করার আগে আমাদের সতর্ক থাকতে হবে। বাংলা লেখার পদ্ধতি খুবই শুল্কলাবধ। অন্যান্য ভাষার বেলায় তা নেই। যেমন ইংরেজি বর্ণমালায় স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ এক সঙ্গে পড়ে। বাংলার সব স্বরবর্ণ এক সঙ্গে পড়ে, তারপর ব্যঞ্জনবর্ণ আসে। ধ্রনি উচ্চারণ অনুসারে বর্ণগুলো সাজানো। বাংলা ভাষাকে তথ্যপ্রযুক্তিতে প্রয়োগ করতে হলে বাংলার নিউরো-ভাষাতাত্ত্বিক প্রকৃতি জানতে হবে। যারা কম্পিউটেশনাল ভাষাতত্ত্ব ও নিউরো-ভাষাতত্ত্ব নিয়ে কাজ করবেন, তাদের কাজের মধ্যে সম্পর্ক থাকতে হবে। আমাদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে বাংলা ভাষার বৈজ্ঞানিক দীর্ঘকাল কিংবা বাংলা ভাষাতত্ত্ব শৈখণ্ডের কোনো বাবাই নেই।

এখন অন্তহ ব কে অনেক ব-কলা চেবে তাকে বাংলা ক্যারেক্টার কোড সেট থেকে বাদ দিতে চাইছেন। কিন্তু অন্তহ ব এবং বগী ব দুটো বর্ণের চিহ্ন, উচ্চারণ ও প্রয়োগরীতি আলাদা। অন্তহ ব (a)-তে কোনো মাত্রা থাকে না, এর উচ্চারণ ইংরেজি wa-এর মতো। যেমন: 'বজন', 'বিধ' ইত্যাদি শব্দের যুক্তাক্ষর তৈরিতে অন্তহ ব ব্যবহার হয়। অনাদিকে বগী ব (b)-তে মাত্রা থাকে, উচ্চারণ ba-এর মতো। 'কবন' শব্দে 'ব' যুক্তাক্ষরে ব্যবহার হয় বগী ব। অন্তহ ব-কে ইউনিকোডে হান দেয়া উচিত।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক আবুল কাশেম ফজলুল হক বলেন, আমরা প্রমিতকরণ, আন্তর্জাতিকীকরণ ও বিশ্বায়নকে এক করে ফেলছি।

করে তাতে ইউনিকোড সমর্থিত উপায়ে বাংলায় টাইপ করা যায়। বাণিজ্যিক বাংলা সফটওয়্যারের মধ্যে 'বিজয় একুশে' ও 'প্রশিক্ষণ' ইউনিকোড সমর্থন করছে। বিজয় একুশে সাংখ্যিক সংস্করণে জাতীয় প্রমিত কীবোর্ড লেআউট সাপোর্ট ও ইউনিকোডভিত্তিক বাংলা অভিবাদন যুক্ত করা হয়েছে।

যার যা অভিমত

বিজয় কীবোর্ডের উদ্ভাবক মোস্তাফা জস্কার অভিতত প্রকাশ করেন বলেন, নতুন এ কীবোর্ড বিজয়ের শতকরা ৯৮ ভাগ নরুল। সরকার বিজয় কীবোর্ডকে ভিত্তি করে প্রমিত কীবোর্ড তৈরি করলেও কমিটি বা সরকার কেউ এ কীবোর্ড উন্নয়নের কৃতিত্ব বা কপিরাইট নিয়ে কোনো বক্তব্য দেয়নি। রহিত্রিতাবে কোনো ব্যক্তির মেধাসম্পদ ব্যবহার করার সময় তার স্বীকৃতি ও কপিরাইট বিষয়টি মীমাংসা করা আবশ্যিক। যেহেতু প্রমিতকরণ কমিটি বাজার চাহিদা ও জনপ্রিয়তার বিষয়টি বিবেচনা করেছেন, তারা নিশ্চয়ই ধরে নিয়েছেন যে বিজয় কীবোর্ড ব্যবহারকারীরা এ কীবোর্ডকে গ্রহণ করছেন। কিন্তু বর্ণ পরিবর্তন এবং AHG কী ব্যবহার করে প্রমিত কীবোর্ডকে চার ত্রুটিশিষ্ট করা হয়েছে। এতে জটিলতা বেড়েছে। বিজয় একুশে সফটওয়্যার দু'সহরেই ইউনিকোডের সব ইনপুট দেয়া যায়। আর প্রমিত কীবোর্ডে '০' বসানোর পর আবার একটি 'খ' ত বর্ণ '১' বসানোর সুবিধা দেখি না। কমিটিও এ যোগ্য করে কোনো বক্তব্য দেয়নি।

বাংলাদেশ কমপিউটার কাউন্সিল থেকে বলা হয়, আধুনিক সব অপারেটিং সিস্টেম চারভিট বিশিষ্ট লেআউট সমর্থন করে। তবে প্রথম দু'স্তর ব্যবহার করাই এতে প্রায় সব বাংলা বর্ণ টাইপ করা যায়। কীবোর্ড লেআউট কপিরাইট আইনের আওতায় থাকে না। এটি শুধু একটি সাজিকায়ন ম্যাপ। যে কেউ কীবোর্ড লেআউট ব্যবহার করার অধিকার রাখে। তাহলে পৃথিবীজুড়ে যারা ইংরেজি

